

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪১৭৭

৩১/ পার্থিব ভোগবিলাসের প্রতি অনাসক্তি (كتاب الزهد)

পরিচ্ছেদঃ ৩১/১৬, অহমিকা বর্জন এবং বিনয়-নম্রতা অবলম্বন

بَابُ الْبَرَاءَةِ مِنْ الْكِبْرِ وَالْتَّوَاضُعِ

আরবী

حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلَيٍّ، حَدَّثَنَا عَبْدُ الصَّمَدِ، وَسَلَمُ بْنُ قُتَيْبَةَ، قَالَا حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ عَلَيِّ بْنِ زَيْدٍ، عَنْ أَنَّسِ بْنِ مَالِكٍ، قَالَ إِنْ كَانَتِ الْأُمَّةُ مِنْ أَهْلِ الْمَدِينَةِ لَتَأْخُذُ بِيَدِ رَسُولِ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - فَمَا يَنْرِعُ يَدُهُ مِنْ يَدِهَا حَتَّى تَذَهَّبَ بِهِ حَيْثُ شَاءَتْ مِنَ الْمَدِينَةِ فِي حَاجَتِهَا .

বাংলা

৫/৪১৭৭। আনাস ইবনে মালেক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, মদীনার কোন দাসী নিজ প্রয়োজনে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর হাত ধরে তাঁকে নিজ ইচ্ছামত মদীনার কোন স্থানে নিয়ে যেতে চাইলে তিনি তার হাত থেকে নিজের হাত ছাড়িয়ে নিতেন না (তার সাথে যেতেন)।

English

It was narrated that Anas bin Malik said:

“If a female slave among the people of Al-Madinah were to take the hand of the Messenger of Allah (ﷺ), he would not take his hand away from hers until she had taken him wherever she wanted in Al-Madinah so that her needs may be met.”

ফুটনেট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। মুখ্যতাসারুশ শামাইল ২৮৫। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আলী বিন যায়দ সম্পর্কে ইয়াহইয়া বিন সাউদ আল কান্তান বলেন, তার হাদিস প্রত্যাখ্যানযোগ্য। আহমাদ বিন হাম্বল ও ইয়াহইয়া বিন মাঝেন বলেন, তিনি নির্ভরযোগ্য নন। ইয়াকুব বিন শায়বাহ বলেন, তিনি সিকাহ সালিহ। আল-আজালী বলেন, কোন সমস্যা নেই। (তাহয়ীবুল কামালঃ রাবী নং ৪০৭০,

২০/৪৩৪ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটি সহীহ কিন্তু আলী বিন যায়দ এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ২৫ টি শাহিদ হাদিস রয়েছে, ৫ টি খুবই দুর্বল, ৭ টি দুর্বল, ১০ টি হাসান, ৩ টি সহীহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ আহমাদ ১১৫৩০, ১২৩৬৯, ১২৮৪৪।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=45142>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন